

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাণিজ্যিক) জনাব মোঃ আব্দুল কুদ্দুস খান বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৮৮ সালের ১৫ ফেব্রুয়ারী তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনীতে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে যোগদান করেন। তিনি ফেনী জেলার পশুরামে সহকারী কমিশনার, বান্দরবান জেলার রোয়াংছড়িতে উপজেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী ও জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনায় সিনিয়র সহকারী কমিশনার পদে দায়িত্ব পালন করেন। তিনি নোয়াখালীর হাতিয়ায় উপজেলা নির্বাহী অফিসার পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০০১-২০০৪ সময়ে জামালপুর পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০০৪-২০০৬ সময়ে নেত্রকোনা জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক পদে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ আব্দুল কুদ্দুস খান ২০০৬ সালে উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি ২০০৭-২০০৯ সময়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে উপসচিব পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০০৯ হতে ২০১২ পর্যন্ত ফেনীর জেলা প্রশাসক ছিলেন। তিনি ২০১২ সালে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি ২০১৩-২০১৫ সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যুগ্মসচিব পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০১৫ সালে সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব পদে যোগদান করেন।

জনাব মোঃ আব্দুল কুদ্দুস খান ১৯৬০ সালে কিশোরগঞ্জে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সমাজকল্যাণে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি বিবাহিত এবং দুই কন্যা ও এক পুত্র সন্তানের জনক। তার স্ত্রীর নাম বেগম সালমা সুলতানা।